মায়ের পর চলে গেল মেয়েও

কুষ্টিয়ায় কাভার্ড ভ্যানের ধাক্কায় গৃহবধূ রিনা খাতুনের মৃত্যুর পর চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে তার মেয়ে জয়া খাতুন। এ সময় আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন স্বামী আশরাফুল ইসলাম জনি (৩৬)।

শুক্রবার (১০ জুন) রাত সাড়ে ৯টার দিকে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক সড়কের নন্দনালপুর ইউনিয়ন পরিষদ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, জনি তার স্ত্রী ও সন্তানকে নিযে মোটরসাইকেলযোগে পাংশার মাছপাড়া এলাকার শ্বশুরবাড়ি থেকে নিজ বাড়ি কুষ্টিয়ার হাউজিংয়ের দিকে যাচ্ছিলেন। আনুমানিক রাত সাড়ে ৯টার দিকে তারা কুমারখালীর নন্দনালপুর ইউনিয়ন পরিষদ এলাকায় পৌঁছায়। এ সময় একটি কাভার্ড ভ্যান মোটরসাইকেলকে ধাক্কা দেয়। এতে ছিটকে পড়ে ঘটনাস্থলে মারা যান রিনা খাতুন। এ ঘটনায় জনি ও তার সন্তান জয়া আহত হয়। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে কুষ্টিয়া সদর হাসপাতালে পাঠায়। চিকিৎসাধীন অবস্থায় রাত ১টার দিকে জয়া মারা যায়।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার আশরাফুল আলম বলেন, ’হাসপাতালে আনার আগেই রিনা খাতুনের মৃত্যু হয়েছিল। একই ঘটনায় রাত ১০টার দিকে গুরুতর আহত অবস্থায় নিহতের স্বামী ও মেয়েকে হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় রাত ১টার দিকে মেয়ে মারা যায়। স্বামী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। তার অবস্থা মোটামুটি ভালো।

কুষ্টিয়ার কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুজ্জামান তালুকদার বলেন, ‘কাভার্ড ভ্যানের ধাক্কায় মোটরসাইকেল আরোহী মা ও মেয়ের মৃত্যু হয়েছে। এ ঘটনায় স্বামী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। টোলপ্লাজা এলাকা থেকে কাভার্ড ভ্যানটি জব্দ করা হয়েছে।

কুষ্টিয়ায় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে কর্মশালা

ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে কুষ্টিয়ায় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আগামী ১৬ জুন থেকে চার দিনব্যাপী জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন সফল করতে শনিবার সকালে এ ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা ১১ টায় নিজ কার্যালয়ে অনুষ্ঠিত এ কর্মশালায় বক্তব্য রাখেন কুষ্টিয়া সিভিল সার্জন ডাক্তার এ এইচ এম আনোয়ারুল ইসলাম, জেলা তথ্য কর্মকর্তা শিল্পী মন্ডল, কুষ্টিয়া প্রেস ক্লাবের সভাপতি আল মামুন সাগর। এছাড়াও কর্মশালায় বিভিন্ন গণমাধ্যম কর্মী ও সিভিল সার্জন অফিসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কর্মশালায় জানানো হয় জেলায় এবার ৬-১১ মাস বয়সী ২৬ হাজার ৭৩৯ শিশুকে নীল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। আর ১২-৫৯ মাস বয়সী ২ লাখ ৮ হাজার ৫২২ শিশুকে লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

সিভিল সার্জন বলেন, এর বাইরেও কোনো শিশু থাকলে তাদেরকেও ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো হবে। জেলার মোট ১৫৬৬ কেন্দ্রে ৩১৩২ জন স্বেচ্ছাসেবক এই ক্যাম্পইন সফল করতে কাজ করবে। পথশিশু কিংবা পথ চলতি শিশুদের কথা চিন্তা করে বাস রেলস্টেশনসহ বিভিন্ন জনসমাবেশ স্থলে কেন্দ্র স্থাপন করা হবে।

কর্মশালায় ভিডিও উপস্থাপনের মাধ্যমে ভিটামিন-এ এর গুরুত্ব তুলে ধরা হয়। শিশু মৃত্যুর ঝুঁকি কমাতে ভিটামিন এ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই ৬ মাস বয়স হলেই মায়ের দুধের পাশাপাশি পরিমাণ মত ঘরে তৈরি সুষম খাবার খাওয়ানোর কথা বলা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৫ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযানে নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৫ আসামীকে গ্রেফতার করা হয়েছে।এদের মধ্যে সিআর মামলায় ৩ জন, ১৫১ ধারায় ১ জন মাদক মামলায় ১ জন। পুলিশের গত ২৪ ঘন্টার অভিযানে এসব আসামী গ্রেফতার হয়।

গ্রেফতারকৃতদের মধ্যে গাংনী থানা পুলিশ সিআর মামলায় ১ ও মাদক মামলায় ১ জনসহ ২ জন, সদরে ১৫১ ধারায় ১ জন ও আদালতের পরোয়ানাভূক্ত ২ জনসহ ৩ জনকে গ্রেফতার করেছে।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন।গ্রেফতারকৃতদের আজ শনিবার (১১ জুন) আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা যৌথবাজার ব্যবসায়ী সমিতির প্রেস বিফ্রিং

কোর্ট মসজিদ মার্কেটে অবস্থিত দোকান ঘর ভাঙ্গা, ব্যবসায়ীদের নির্যাতন এবং ব্যবসায়ীদের ক্ষতিগ্রস্ত করার প্রতিবাদে এবং চলমান আন্দোলন ও পরবর্তীতে কর্মসূচীগুলো গ্রহণের লক্ষ্যে মেহেরপুর জেলা যৌথবাজার ব্যবসায়ী সমিতি প্রেস বিফ্রিং অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার রাতে মেহেরপুর জেলা হোটেল বাজার ব্যবসায়ী সমিতির নিজ কার্যালয়ে এ প্রেস বিফ্রিং অনুষ্ঠিত হয়।

প্রেস বিফ্রিং এ বক্তব্য রাখেন জেলা ব্যবসায়ী সমিতির আহ্বায়ক ও বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু।

এসময় তিনি বলেন, ২০০৬ সালে মসজিদের উন্নয়ন প্রকল্পে মসজিদ কমিটিকে ২৫ টি দোকান বাবদ ২ লাক্ষ ৫০ হাজার টাকা দেওয়া হয় যার

রশিদ সহ সমস্ত প্রমাণ আছে তাই কোন ভাবেই এগুলো অবৈধ দোকান হতে পারে না। প্রধানমন্ত্রীর নির্দেশ যার ঘর নাই তাকে ঘর তৈরি করে দেওয়া কিন্তু মেহেরপুরের ব্যবসায়ীরা ঘরছাড়া হলেন। তারা বলছেন অবৈধ দোকান কিন্তু জেলা প্রশাসকের পক্ষ থেকে ভাড়ার নোটিশ প্রদান এটি বিবেচনার বিষয়।

তিনি আরো বলেন, ব্যবসায়ীদের মোট ক্ষতি আনুমানিক ১ কোটি ৭০ লক্ষ টাকা। এত ক্ষতি করাই অবিলম্বে আমরা এসিল্যান্ডের অপসরণ চাচ্ছি। আমাদের বর্তমান আন্দোলন ১২ তারিখ পর্যন্ত চলমান থাকবে। আমাদের পাঁচ দিনের যে কর্মসূচি ছিলো তাতে যদি কোনো ব্যবস্থা গৃহীত না হয় তাহলে ১২ তারিখ রাতে জেলার সকল ব্যবসায় সমিতি আলোচনা করে ১ দফা আন্দোলনে আমরা যেতে বাধ্য হব। যেটি হবে মেহেরপুর জেলা প্রশাসকের অপসারণ।

এ সময় উপস্থিত ছিলেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান, সহ সভাপতি মমিনুল ইসলাম, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল সিমন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম খোকন, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, ওয়াপদা মোড় ব্যবসায়ী সমিতির সভাপতি এম. এ কুদ্দুস, সহ-সভাপতি আশিকুর রবিন, কাথুলী বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মোঃ সাহেব আলী, সহ-সভাপতি তোফাজ্জেল, গাংনী বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মোঃ সাহাব্বুরর রহমান, সাধারণ সম্পাদক বজলুর রহমান, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির দপ্তর সম্পাদক আবু হোসেন কাঁকন, নির্বাহী সদস্য মোঃ রাশেদ খান, কামরুজ্জামান পলাশ, মোঃ বিল্লাল হোসেন মিঠু প্রমুখ।

প্রসঙ্গত, মেহেরপুর জেলা মডেল মসজিদের শ্রীবৃদ্ধি ও সরকারি জমি দখলমুক্ত করতে গত মঙ্গলবার মেহেরপুর কোর্ট মসজিদ মার্কেট ভবন উচ্ছেদ করে জেলা প্রশাসন।

শিক্ষক-ছাত্রদের ভালবাসায়

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted], [redacted], [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted]

পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, চ্যানেল ২৪ এর সেরা প্রতিবেদক হওয়ায় স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও এশিয়ান টেলিভিশনের সেরা সংবাদদাতা হওয়ায় মিজানুর রহমান জনিকে ক্রেস্ট প্রদান করা হয়।

মহানবী (সাঃ) নিয়ে কটুক্তি করার প্রতিবাদে কোটচাঁদপুরে বিক্ষোভ

মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে ভারতের ক্ষমতাসীন দল বিজেপির মূখপাত্র নূপুর শর্মাসহ দুই নেতার কটুক্তিকর মন্তব্য করার প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বাদ জুম্মা শহরের মেইন বাসষ্টান্ড মসজিদ চত্তর থেকে বাংলাদেশ তাহফুজে খতমে নবুওয়াত উপজেলা শাখার আয়োজনে এই বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। এসময় সাধারণ মুসল্লীরা ভারতের ক্ষমতাসীন দল বিজেপির দুই নেতার বিরুদ্ধে স্লোগান দিতে থাকেন। পরে মেইন বাসষ্টান্ড চত্তরে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা তাহফুজে খতমে নবুওয়াতের সভাপতি মাওলানা আমান-উল্লাহ্ আমান, সাধারণ সম্পাদক মুফতি মাহমুদুল হাসান, হাফেজ মাওলানা ইব্রাহিম খলিল সহ স্থানীয় ওলামায়ে কেরাম।

সমাবেশে বক্তারা বলেন, বিশ্বনবী হযরত মুহাম্মদ (সাঃ) ও হযরত আয়েশা (রাঃ) কে নিয়ে নুপুর শর্মার কুরুচিপূর্ণ বক্তব্য বিশ্বের মুসলমানদের হৃদয়ে আঘাত হেনেছে। বাংলাদেশের মুসলমানসহ বিশ্বের কোটি কোটি মুসলমান বিজেপির এই নেতা সহ ভারতের বিরুদ্ধে নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

অবিলম্বে বিশ্বের মুসলমানদের বিশ্বাস ও ধর্মের প্রতি সম্মান

জানিয়ে ভারতকে ক্ষমা চায়তে হবে। এবং কটুক্তিকারীদের গ্রেফতার করে শাস্তির আওতায় নেওয়ার দাবি জানান। সেই সঙ্গে ভারতের সকল পণ্য বয়কটের ঘোষণা দেওয়া হয়।

বিক্ষোভ সমাবেশে বিভিন্ন মসজিদের হাজার হাজার ধর্ম প্রাণ মুসুল্লী অংশ গ্রহন করেন। এদিকে বিক্ষোভ সমাবেশকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা বজায় রাখতে কোটচাঁদপুর থানা পুলিশের পক্ষ থেকে নিরাপত্তা ব্যবস্থা বাড়ানো হয়।

মহানবী (সাঃ) কে কটুক্তির প্রতিবাদে দর্শনায় মানববন্ধন ও বিক্ষোভ মিছিল

মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে ভারতের ক্ষমতাসীন দল বিজেপির জ্যেষ্ঠ দুই নেতার অবমাননাকর বক্তব্যের প্রতিবাদে দর্শনায় মানববন্ধন ও বিক্ষোভ মিছিল হয়েছে।

শুক্রবার জুম্মার নামাজের পর দর্শনা পৌরবাসীর আয়োজনে দর্শনা রেলবাজার বটতলায় ও পৌর এলাকার শ্যামপুরে এ মানববন্ধন ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

এসময় বক্তারা বলেন, বিশ্ব মুসলিমদের হৃদয়ের স্পন্দন মহানবী (সা.) কে নিয়ে কুরুচিপূর্ণ বক্তব্য কোনো মুসলমানই মেনে নিতে পারে না। এসময় তারা বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়ে রাষ্ট্রীয়ভাবে নিন্দা জানানোর দাবি জানান।

আরো বলেন, ভারতের ক্ষমতাসীন দল বিজেপির নেত্রী নুপুর শর্মা কর্তৃক মহানবী (সাঃ) কে কটুক্তির দায়ে ভারত সরকারকে রাষ্ট্রীয়ভাবে ক্ষমা চাইতে হবে। এছাড়াও ভারতের ক্ষমতাসীন দল বিজেপির দুই নেতার কটুক্তির প্রতিবাদে রাষ্ট্রীয়ভাবে নিন্দা জানানোর দাবি জানান দর্শনা পৌরবাসী।

সম্প্রতি ভারতীয় একটি টেলিভিশন বিতর্কে অংশ নিয়ে মহানবী হজরত

মুহাম্মদ (সাঃ) ও তার স্ত্রী আয়েশা (রাঃ) সম্পর্কে অবমাননাকর বক্তব্য দেন নুপুর শর্মা। পরে একই বিষয়ে টুইটারে পোস্ট দেন নাভিন কুমার জিন্দাল। এ বক্তব্য নেট দুনিয়ায় ছড়িয়ে পড়লে এ নিয়ে প্রতিবাদের ঝড় ওঠে সামাজিক যোগাযোগের অন্যতম মাধ্যম ফেসবুকে। মুসলিম সম্প্রদায়ের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। সেই সাথে বিশ্বের অনেক মুসলিম দেশ প্রতিবাদ জানিয়েছে।

দর্শনা রেল বাজার বটতলায় শিমুল ও দর্শনা থানা স্বেচ্ছাসেকলীগের সভাপতি ইসলামুল হক আল আমিনের নেতৃত্বে মানববন্ধন ও বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন শরিফুল মেম্বর, শফি কামাল, বাপ্পা, জুয়েল, রায়হান, রানা, আশিকুর, ইউনুস, আরিফুল, পলাশ, কবির সিডিএ, আরিফ, প্রান্ত, আরিফুল, বাদল, সাইদ, ফারুখ, করিম, শাফিন।

অপরদিকে শ্যামপুর কেদ্রীয় মসজিদ কমিটির সভাপতি জয়নাল আবদিন কচি, সাধারন সম্পাদক আরিফ বিশ্বাস, দর্শনা পৌর ৯নং ওয়ার্ড কাউন্সিলার বিল্লাল হোসেনের নেতৃত্বে মিছিলে অংশ নেয় রাসুল প্রেমিক তৌহিদী জনতা।।

মহানবী (সা:) কে কটূক্তির প্রতিবাদে কার্পাসডাঙ্গায় মানববন্ধন

বিশ্বনবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে কুটুক্তি করার প্রতিবাদে দামুড়হুদার কার্পাসডাঙ্গায় বিশাল বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার জুম্মার নামাজের পর ধর্ম প্রিয় মুসল্লিরা এ মানববন্ধন করেন। কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের মোড় থেকে বিশাল এক বিক্ষোভ মিছিল শুরু হয়ে বাজারের বিভিন্ন প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষ বাজার পয়েন্টে গিয়ে এক প্রতিবাদ সভায় মিলিত হয় সাধারণ মুসল্লিরা।

প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা:) কে নিয়ে ভারতীয় বিজেপি মুখপাত্র

নুপুর শর্মা ও প্রবীন কুমার জিন্দাল আপত্তিজনক ও অবমাননাকর মন্তব্যের প্রতিবাদে মানববন্ধন করেন।

মানববন্ধনে সাধারণ মুসল্লিরা বলেন, ইসলাম শান্তির ধর্ম এবং আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা:) কে নিয়ে কটূক্তি করলে সেটা আমাদের হৃদয়ে আঘাত করে। আমরা ইসলাম ধর্ম পালন করলেও অন্যান্য ধর্মের প্রতি শ্রদ্ধাশীল থাকি কিন্তু কিছু কুচক্রী মহল ইসলাম ধর্ম নিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করার জন্য বিভিন্ন সময় নানা রকম মন্তব্য করেন।

এ সময় মুসল্লিরা ‘বিশ্ব নবীর অপমানে যদি না কাঁদে তোর মন, মুসলিম না মুনাফিক তুই নবীর দুশমন’ এ স্লোগান দিতে থাকে।

মেহেরপুরে জেলা ইমাম সমিতির সংবাদ সম্মেলন

ভারতে বিশ্ব নবী হযরত মুহাম্মদ (সাঃ) ও তার পরিবারকে অবমাননাকর মন্তব্য করায় প্রতিবাদ জানিয়ে সংবাদ সম্মেলন করেছে বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি মেহেরপুর জেলা শাখা।

শুক্রবার বিকালের দিকে মেহেরপুর শহরের হোটেল বাজার জামে মসজিদে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি ও হোটেল বাজার জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা রোকনুজ্জামান, সাধারণ সম্পাদক মাওলানা সিরাজ উদ্দিন।

এছাড়াও এসময় জেলা ইমাম সমিতির প্রচার সম্পাদক মাওলানা আব্দুল ওহাব, ইদ্রিস আলীসহ অন্যান্য ইমামগণ উপস্থিত ছিলেন।

গাংনীতে নবীকে কুটুক্তি করার প্রতিবাদে বিক্ষোভ ও প্রতিবাদ মিছিল

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া নওপাড়া গ্রামে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে এলাকাবাসী। বিশ্বনবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে কুটুক্তি করার প্রতিবাদে বিশাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

ভারতীয় ক্ষমতাসীন দলের মুখপাত্র বিজেপি নেত্রী নুপুর শর্মার বিচার ও ভারতীয় সকল পণ্য বর্জনে প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশে মিলিত হয় ভাটপাড়া ও নওপাড়া গ্রামবাসী।

শুক্রবার দুপুরে জুম্মাার নামাজের পর ভাটপাড়া ফূটবল মাঠ থেকে একটি বিশাল বিক্ষোভ মিছিল বের হয়ে বিভিন্ন গ্রাম প্রদক্ষিণ শেষে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে নওপাড়া জামে মসজিদের ইমাম জাহিদ আল হাবিবের সঞ্চালনায় বক্তব্য রাখেন ধলা জামে মসজিদের ইমাম মোঃ কারউল ইসলাম,ষোলমারি জামে মসজিদের ইমাম হাসানুজ্জামান সিদ্দিকী, ভিটাপাড়া জামে মসজিদের ইমামম ফিরোজ আহাম্মেদ প্রমুখ।

বিজেপি নেত্রী নুপুর শর্মার প্রতিকৃতিতে জুতা স্যান্ডেল নিক্ষেপসহ বিচার দাবী করা হয় এবং ভারতীয় পন্য বর্জনের ঘোষনা দেন বিক্ষোভকারীরা। সেই সাথে সরকারি ভাবে প্রতিবাদের দাবী জানানো হয়।